রামকৃষ্ণ মিশন বিদ্যালয়

নরেন্দ্রপুর, কলকাতা – ৭০০১০৩

দূরভাষঃ ০৩৩-২৪২৭-২৭০০/২৭২৬/২৭২৭

E-mail: admission@rkmvnarendrapur.org

Website: www.rkmvnarendrapur.org

৭ জুলাই, ২০২৪

II ২০২৫ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণির ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য বিষয় II

শুধুমাত্র ছাত্রদের জন্য

১। **শ্রেণি এবং মাধ্যমঃ**

পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ এবং পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ অনুমোদিত এই বিদ্যালয় সম্পূর্ণ আবাসিক। আগামী শিক্ষাবর্ষে শুধু পঞ্চম শ্রেণিতে বাংলা এবং ইংরাজি উভয় মাধ্যমের জন্য ছাত্র ভর্তি নেওয়া হবে। একজন ছাত্র কেবল একটি মাধ্যমের জন্য আবেদন করতে পারবে, একই সঙ্গে উভয় মাধ্যমে আবেদন করলে সেই আবেদনপত্র বাতিল করা হবে। লিখিত এবং সাক্ষাৎকার ভিত্তিক পরীক্ষার মাধ্যমে ছাত্রদের ভর্তি করা হয়।

২। **যোগ্যতাঃ**

যে সমস্ত ছাত্র এখন চতুর্থ অথবা পঞ্চম শ্রেণিতে পড়ছে এবং যাদের বয়স **আগামী ১লা জানুয়ারি ২০২৫ তারিখে ১০ বছর থেকে ১১ বছর সময়সীমার মধ্যে অথবা যাদের জন্মতারিখ ০২.০১.২০১৪ এবং ০১.০১.২০১৫-এর মধ্যে** তারাই পঞ্চম শ্রেণির ভর্তি পরীক্ষায় বসতে পারবে।

- **বাংলা ও ইংরাজি মাধ্যমে** ভর্তি হতে ইচ্ছুক সাধারণ জাতির (General Caste) ছাত্রদের শেষ বাৎসরিক পরীক্ষায় বাংলা/হিন্দী, ইংরাজি ও অংকে যথাক্রমে ৬০, ৬০ ও ৭০ শতাংশ বা তার বেশি নম্বর থাকতে হবে এবং তপশিলী জাতি/উপজাতির (Schedule Caste/Tribe) ও অন্যান্য পিছিয়ে পড়া সম্প্রদায়ের (OBC) ছাত্রদের শেষ বাৎসরিক পরীক্ষায় বাংলা/হিন্দী, ইংরাজি এবং অংকে যথাক্রমে ৫৫, ৫৫ ও ৬৫ শতাংশ বা তার বেশি নম্বর থাকতে হবে। গ্রেড বা মূল্যায়ন পদ্ধতির ক্ষেত্রেও বাংলা অথবা হিন্দি, ইংরাজি এবং অংকে সমতুল নম্বর পেতে হবে।
- যাদের প্রগতিপত্রে (mark-sheet) গ্রেড দেওয়া আছে, সেক্ষেত্রে কোন গ্রেড কত শতাংশ নম্বর বোঝাচ্ছে, তা যেন প্রগতিপত্রে (mark-sheet) উল্লিখিত থাকে।

৩। **আবেদনপত্রঃ**

বিদ্যালয়ের ওয়েবসাইটের (http://www.rkmvnarendrapur.org) মাধ্যমে শুধুমাত্র অনলাইনে আবেদনপত্র জমা করা যাবে। বিদ্যালয় থেকে হাতে হাতে/সরাসরি কোনো আবেদনপত্র দেওয়া বা জমা নেওয়া হবে না ।

- ১৯ জুলাই, ২০২৪ সকাল ১০টা থেকে অনলাইনে আবেদন করা যাবে ।
- ডাকযোগে আবেদন পত্র পাঠানো যাবে না।
- অনলাইনে আবেদন করার এবং টাকা জমা দেওয়ার শেষ তারিখ শনিবার, ২৩ নভেম্বর, ২০২৪ বিকাল ৫টা ।
- অনলাইনে টাকা জমা দেওয়া সফলভাবে সম্পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে তৈরি হওয়া অ্যাডমিট কার্ড ২৫.১১.২০২৪ থেকে ২৮.১১.২০২৪ এর মধ্যে ডাউনলোড করা যাবে।
- রঙিন অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে হবে। অ্যাডমিট কার্ড ছাড়া পরীক্ষা কক্ষে ঢুকতে দেওয়া হবে না।
- অনলাইনে আবেদনপত্রের মূল্য ছাত্র প্রতি নিম্নলিখিতঃ-

নরেন্দ্রপুর পরীক্ষা কেন্দ্রের জন্যঃ-	৮৫৫/- টাকা
মালদা পরীক্ষা কেন্দ্রের জন্যঃ-	১২৫৫/- টাকা
শিলিগুড়ি পরীক্ষা কেন্দ্রের জন্যঃ-	১২৫৫/- টাকা এবং
মণিপুর পরীক্ষা কেন্দ্রের জন্যঃ-	১,৭৫৫/- টাকা।

৪। **প্রয়োজনীয় নথিঃ** [jpg, jpeg, png or pdf format only]

- জে.পি.জি./জে.পি.ই.জি./পি.এন.জি./পি.ডি.এফ. ফরম্যাটে আপলোড করতে হবে। (৫০০ কে.বি. এর কম হবে)।
- সাম্প্রতিককালে তোলা পাসপোর্ট সাইজ রঙিন ফটো (লম্বা – ৪.৫ সে.মি. ও চওড়া – ৩.৫ সে.মি.) (১০ থেকে ৫০ কে.বি.) ।
- স্বাক্ষর (লম্বা – ৩.৫ সে.মি. ও চওড়া – ১.৫ সে.মি.) (১০ থেকে ৩০ কে.বি.) ।
- আধার/আধার অ্যাকনলেজমেন্ট, জন্ম সার্টিফিকেট, প্রগতিপত্র (marksheet), কাস্ট সার্টিফিকেট, প্যান কার্ড (অভিভাবক)।

৫। **প্রবেশিকা পরীক্ষার পরীক্ষাকেন্দ্র সমূহঃ**

- **রামকৃষ্ণ মিশন বিদ্যালয়, নরেন্দ্রপুর, কলকাতা – ৭০০১০৩**
- **রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিদ্যামন্দির**, রামকৃষ্ণ মিশন রোড, মকদমপুর, **মালদা** – ৭৩২১০১ (মালদা, মুর্শিদাবাদ, উত্তর দিনাজপুর এবং দক্ষিণ দিনাজপুরের পরীক্ষার্থীদের জন্য)
- **রামকৃষ্ণ মিশন,** সাহুডাঙ্গী, পোঃ- শিলিগুড়ি হাট, জেলা - **জলপাইগুড়ি, পিনকোড – ৭৩৫১৩৫** (আলিপুরদুয়ার, কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং; এবং আসাম, অরুণাচল প্রদেশ ও মেঘালয়ের পরীক্ষার্থীদের জন্য)
- **রামকৃষ্ণ মিশন স্কুল, উরিপক, বাচস্পতি লেকাই, ইম্ফল, মণিপুর, পিনকোড – ৭৯৫০০১** (শুধুমাত্র মণিপুরের পরীক্ষার্থীদের জন্য)।

৬। **ভর্তির লিখিত পরীক্ষাঃ**

- ইংরাজি ও বাংলা মাধ্যমে ভর্তি-পরীক্ষা আগামী **১লা ডিসেম্বর, ২০২৪ (রবিবার) বেলা ১২-০০টা থেকে ২-৪৫ মিনিট পর্যন্ত হবে**।
- বাংলা মাধ্যমে ছাত্রদের জন্য বাংলা, ইংরাজি, অংক, কারেন্ট অ্যাফেয়ার্স এবং রামকৃষ্ণ আন্দোলন ও ভারতীয় সংস্কৃতির উপর লিখিত পরীক্ষা হবে।।
- ইংরাজি মাধ্যমের ছাত্রদের বাংলা অথবা হিন্দী (প্রথম ভাষা), ইংরাজি ও অংক, বর্তমান ঘটনা (কারেন্ট অ্যাফেয়ার্স) এবং রামকৃষ্ণ আন্দোলন ও ভারতীয় সংস্কৃতির উপর লিখিত পরীক্ষা হবে।
- পাঁচটি বিষয়ে বিভক্ত উপরিউক্ত বিষয়গুলির ওপর মোট ১৬০ (বাংলা/হিন্দী – ৪৫, ইংরাজি – ৪৫, অংক – ৪৫, বর্তমান ঘটনা (কারেন্ট অ্যাফেয়ার্স) – ১০ এবং রামকৃষ্ণ আন্দোলন ও ভারতীয় সংস্কৃতি – ১৫) নম্বরের লিখিত পরীক্ষা হবে।
- মূলত চতুর্থ ও পঞ্চম শ্রেণির পাঠ্য ও সহায়ক পুস্তকের বিষয়সূচি (Syllabus) অনুসরণ করা হবে। পরিচ্ছন্ন হাতের লেখা, নির্ভুল শব্দ ও সঠিক বাক্যের ওপর গুরুত্ব দেওয়া হয়।
- পরীক্ষার সাত দিনের মধ্যে বিদ্যালয় ওয়েবসাইটে (http://www.rkmvnarendrapur.org) ফলাফল প্রকাশিত হবে।

৭। আবেদনপত্রে প্রদত্ত তথ্যে ভুল বা গরমিল থাকলে ভর্তির পরও সেই আবেদনপত্র/ভর্তি বাতিল হতে পারে ।

৮। কোনোপ্রকার অনুদানের বিনিময়ে ছাত্র ভর্তি হয় না ।

৯। জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে ছাত্রদের ভর্তি নেওয়া হয় । সমাজের পিছিয়ে পড়া ছাত্রদের অগ্রাধিকার দেওয়া হয় ।

১০। বিগত বছরের প্রশ্নপত্র কোনোভাবে বিতরণ বা প্রকাশ করা হয় না । নির্বাচনী পরীক্ষার জন্য বিদ্যালয় কর্তৃক কোনো কোচিং ক্লাসের ব্যবস্থা করা হয় না ।

১১। আর্থিক দিক থেকে দুর্বল ও মেধাবী ছাত্রদের আর্থিক সহযোগিতা করা হয় ।

[All dates are tentatively given. Changes may be done as and when required.]

N.B.: Calculators, Mobile Phones, Bluetooth devices or any other communication devices or electronic gadgets are not allowed in the examination hall. Any infringement of this instruction shall entail disciplinary action including cancellation of candidature.

For any query one may contact only through email id *admission@rkmvnarendrapur.org*. *If required* one may call over phone numbers 9903005035 or 8443816838 between 11 a.m. and 4 p.m. on working days.

Admission to Classes VI & VII : If any vacancy occurs, a very few boys may be admitted to Classes VI & VII, both Bengali Medium and English Medium. Notification for Admission to Classes VI & VII will be circulated in the beginning of December 2024.

স্বামী ইষ্টেশানন্দ
প্রধান শিক্ষক

স্বামী শাস্ত্রজ্ঞানন্দ
সম্পাদক